তারিখ: 28 FEB 2017
পৃষ্ঠা: ১৭ কলাম: ৭

যুগান্তর

# কাপাসিয়ায় প্রাথমিক বিদ্যালয়ে ১৬১ শিক্ষকের পদ শূন্য

**কাপাসিয়া প্রতিনিধি**

গাজীপুরের কাপাসিয়ায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক এবং সহকারী শিক্ষকের পদ শূন্য থাকায় পাঠদান ব্যাহত হচ্ছে। ভোগান্তিতে পড়েছেন শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকরা। উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, উপজেলার ১১ ইউনিয়নে ১৭৯টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৪৮টি বিদ্যালয়ে প্রাধান শিক্ষক এবং সদ্য জাতীয়করণসহ ৫৪টি বিদ্যালয়ের ৮৫ জন সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে। এ ছাড়া ২৮টি প্রাক-প্রাথমিক শিক্ষক পদও শূন্য রয়েছে। বিদ্যালয়গুলোতে দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষক না থাকায় ৪৮টি বিদ্যালয়ে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দিয়ে কার্যক্রম চালানো হচ্ছে। মাসের অধিকাংশ সময় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষদের দাফতরিক কাজে উপজেলা ও জেলা শিক্ষা অফিস এবং সরকারী বিভিন্ন কাজে ব্যস্ত থাকতে হয়। ফলে সহকারী শিক্ষকের ওপর পাঠদানে চাপ বেড়ে যায়। শিক্ষক শূন্যর পাশাপাশি প্রেষণে অনেক শিক্ষক অন্যত্র বদলি হয়ে চলে গেছেন। এদের মাঝে অধিকাংশ উপর মহলের তদবিরে গাজীপুর সদরের বিদ্যালয়গুলোতে চলে গেছেন।

এ কারণেও বিদ্যালয়ে শিক্ষক সংখ্যা কম। ওই শিক্ষাপ্রতিষ্ঠানগুলো হল— খিলগাঁও প্রাথমিক বিদ্যালয়, ভাকোয়াদী প্রথমিক বিদ্যালয়, হাইলজোড় প্রাথমিক বিদ্যালয়, টোক প্রাথমিক বিদ্যালয়, আড়ালিয়া প্রাথমিক বিদ্যালয়, কামারগাঁও প্রাথমিক বিদ্যালয়, দক্ষিণগাঁও প্রাথমিক বিদ্যালয়, উত্তর খামের প্রাথমিক বিদ্যালয়, বরাইদ প্রাথমিক বিদ্যালয়, মেরুয়া প্রাথমিক বিদ্যালয়, ঘোষেরকান্দি প্রাথমিক বিদ্যালয়। অপর দিকে হরিমঞ্জুরি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অতিরিক্ত রয়েছেন ৩ জন শিক্ষক। প্রেষণে শিক্ষকরা অন্যত্র চলে যাওয়ায় শিক্ষকদের মাঝে প্রচণ্ড ক্ষোভ রয়েছে। সহকারী শিক্ষক পদ শূন্য থাকার কারণে বাকি শিক্ষকদের পক্ষে দুশ'জন শিক্ষার্থীকে পাঠদান কঠিন হয়ে পড়ে। এতে করে কোমলমতি শিশু শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এ ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসার মো. মাহবুবুর রহমান বলেন, শিক্ষক অপ্রতুল থাকায় বিদ্যালয়গুলোতে পাঠদান ব্যাহত হচ্ছে সত্য, আপতত শিক্ষক নিয়োগ বন্ধ আছে, নিয়োগ শুরু হলে আমি চেষ্টা করব অতিদ্রুত শূন্য পদে শিক্ষক নিয়োগ দিয়ে সমস্যার সমাধান করতে। সহকারী শিক্ষক থেকে পদোন্নতির মাধ্যমে অনেক প্রধান শিক্ষকের পদ পূরণ হবে।